



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বঙ্গমাতার ৯৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে শ্রদ্ধাঞ্জলী নিবেদন, দোয়া-
মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত



৮ আগস্ট ২০২৩-মঙ্গলবার) বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সহধর্মিণী, মহীয়সী নারী, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া-মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ক্লাটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

এসময় বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট অধ্যাপক ড. দীপিকা রাণী সরকারের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মো: ওহিদুজ্জামান, পরিচালক (অর্থ ও হিসাব) অধ্যাপক ড. কাজী নাসিরউদ্দীন, হাউজ টিউটরবৃন্দ, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ



বিশ্ববিদ্যালয়ের সভাপতি মো: ইব্রাহিম ফরাজী ও সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন সহ অন্যান্য শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

উল্লেখ্য অনুষ্ঠানের শুরুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এর ৯৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে তাঁর প্রতিকৃতিতে উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়।